দৈনিক ইত্তেফাক

তারিখ ৩০ ৩১
পৃষ্ঠা ৩ কলাম ৬

৩০ 2002

# নটরডেম কলেজের বিজ্ঞান উৎসব সমাপ্ত

নটরডেম বিজ্ঞান ক্লাবের উদ্যোগে কলেজ ক্যাম্পাসে আয়োজিত ২য় বিজ্ঞান উৎসবের শনিবার সমাপনী দিনে সকল ইভেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়। সকালে প্রথমে অনুষ্ঠিত হয় আন্তঃস্কুল সাধারণ জ্ঞান প্রতিযোগিতার ফাইনাল। এতে চ্যাম্পিয়ন হয় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল স্কুল, ২য় হয় হলিক্রস স্কুল এবং ৩য় হয় হারমান মেইনার স্কুল। হলিক্রস স্কুল বনাম ভিকারুন্নিসা (১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নটরডেম কলেজের

(৩য় পৃঃ পর)

নূন স্কুলের বিতর্ক ফাইনালের বিষয় ছিল "বিজ্ঞানের স্বার্থে বিংশ শতাব্দীর একক অবদান পূর্বের সকল শতাব্দীর সামষ্টিক অবদানের চেয়ে বেশী।" এতে ভিকারুন্নিসা নূন স্কুল চ্যাম্পিয়ন হয়। স্কুল পর্যায়ে উপস্থিত বক্তৃতায় ১ম হয় বিএএফ শাহীন স্কুলের মোহসীনা সুলতানা, ২য় ও ৩য় হয় যথাক্রমে সেন্ট যোসেফ স্কুল এবং ইস্পাহানী গার্লস স্কুলের শিক্ষার্থী। কলেজের উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় ১ম হয় হলিক্রস কলেজের ফারজানা নুসরাত, ২য় ও ৩য় হয় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের ছাত্ররা। বিকালে অনুষ্ঠিত আন্তঃকলেজ সাধারণ জ্ঞান প্রতিযোগিতার ফাইনালে চ্যাম্পিয়ন হয় নটরডেম গোল্ড টীম, ২য় হয় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ ও ৩য় হয় হলিক্রস কলেজ। নটরডেম কলেজ ও হলিক্রস কলেজের মধ্যে বিতর্কের বিষয় ছিল "মানবজীবনকে জটিল করেছে বিজ্ঞান।" শনিবার সারাদিন বিজ্ঞান প্রকল্পের প্রদর্শনী অনুষ্ঠিত হয়। উৎসবের পুরস্কার বিতরণী পরে অনুষ্ঠিত হবে। -প্রেস বিজ্ঞপ্তি